

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯৬০(আগরতলা ২।১২)
খোয়াই, ২ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা
বাইজলবাড়িতে দু'দিনব্যাপী সুশাসন শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি পদ্মবিল রাজ্যের বাইজলবাড়ি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে দু'দিনব্যাপী সুশাসন শিবির অনুষ্ঠিত হয়েছে। রাজ্যের ক্ষিরোদনগর, দক্ষিণ পদ্মবিল, উপেন্দ্রনগর, গয়ামনিবাড়ি ও মারেহাদুক ভিলেজকে নিয়ে এই শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের সমাপ্তি দিনে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, খোয়াই মহকুমার মহকুমা শাসক বিজয় সিনহা, বিডিও স্বরূপা রিয়াৎ প্রমুখ। শিবিরে অতিথিগণ কৃষি ও কৃষক কল্যাণ এবং জনজাতি কল্যাণ দপ্তর থেকে ৪ জন সুবিধাভোগীকে ১টি করে পাওয়ারটিলার প্রদান করেন। এছাড়াও অতিথিগণ ৪ জন সুবিধাভোগীকে আলুর চারা, ৫ জনকে ইনকাম সাটিফিকেট, ২ জনকে হেলথ কার্ড তুলে দেন।

দু'দিনের এই শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ১৭৫টি পিআরটিসি, ১৭৩টি এসটি, ১২০টি ইনকাম, ২৫টি ম্যারেজ, ৬৮টি আরওআর পাওয়ার আবেদনপত্র জমা নেওয়া হয়। মৎস্য দপ্তরের পক্ষ থেকে ৩ জন মৎস্যব্যবসায়ীকে আইসবক্স ও ৬ জনকে ব্যাবসায়ীকে ইলুরেন্স সাটিফিকেট তুলে দেওয়া হয়। বন দপ্তরের পক্ষ থেকে ১২০ জনকে ১টি করে আগর ও লেবু গাছের চারা, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর থেকে ৩ জন শিশুকে পুষ্টি জাতীয় খাদ্য সামগ্রী দেওয়া হয়। কৃষি দপ্তর থেকে ৪ জনকে কেসিসি লোন এবং ৩ জনকে প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নির্ধির আওতায় আনা হয়।
